

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন ২০২২



আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন
২১ ফেব্রুয়ারি, ২০২২

বিদ্যাসাগর কলেজ ফর
উইমেন
আই.কিউ.এ.সি ও বাংলা বিভাগ

অনুষ্ঠানের পোস্টার


২১ ফেব্রুয়ারি, ২০২২। বিদ্যাসাগর কলেজ ফর উইমেন নিউ বিল্ডিং মুক্তাঙ্গন (open air stage)। সময়- ৯.৩০ মি

কোভিডের সমস্যার অতিক্রম করে IQAC ও বাংলা বিভাগের যৌথ উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের অনুষ্ঠান উদযাপিত হয় আমাদের কলেজ প্রাঙ্গণে। প্রদীপ প্রোজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন অধ্যক্ষা ড. রূপালি চৌধুরী মহাশয়া ও IQAC-র কনভেনার ড. তপন রায় মহাশয়। অনুষ্ঠানে প্রারম্ভিক বক্তব্য রাখেন অধ্যক্ষা ড. রূপালি চৌধুরী। তিনি ছাত্রীদের সামনে বাংলাদেশের ভাষা আন্দোলনের সংক্ষিপ্ত ইতিহাস বর্ণনা করেন। ভাষা ও সংস্কৃতির জন্য তাঁদের আত্মত্যাগ কীভাবে আজও আমাদের প্রেরণা দিচ্ছে সে-কথা উল্লেখ করেন। ড. তপন রায়-এর আলোচনার বিষয় ছিল ভাষা আন্দোলন ও তার পরবর্তী সময়ে পূর্ব পাকিস্তানের সাংস্কৃতিক আন্দোলন। তিনি বলেন ভাষা আন্দোলন পরবর্তীকালে কীভাবে বাংলাদেশের মুক্তি যুদ্ধের অনুপ্রেরণা হয়ে উঠল। বাংলা ভাষার জন্য মানুষের আত্মত্যাগকে কবে আন্তর্জাতিক মহল স্বীকৃতি দিল।

কলেজের ছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠানও পরিচালনা করে। গান, আবৃত্তির মাধ্যমে তারা স্মরণ করে ভাষা শহীদদের। স্বরচিত কবিতা পাঠ করেন পদার্থবিদ্যা বিভাগের অধ্যাপক ড. সুমন বন্দ্যোপাধ্যায়। ভাষা শহীদদের উৎসর্গীকৃত উপন্যাস *নীল ময়ূরের যৌবন* বিষয়ে আলোচনা করেন বাংলা বিভাগের অধ্যাপক অনল পাল। অনুষ্ঠানের সমাপ্তির ঘোষণা করেন বাংলা বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক গণেশ হেমব্রম। সমাপ্তি ঘোষণার পূর্বে তিনি তাঁর মাতৃভাষা সাঁওতালিতে রচিত একটি কবিতা পাঠ করেন।

স্মারক বক্তৃতা ২৪.০৩.২০২২ , গুগল মিট

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে স্মারক বক্তৃতা দেন অধ্যাপক কমল কিশোর মিশ্র। এই অনুষ্ঠানটি ভারুয়াল (গুগল মিট) অনুষ্ঠিত হয়। শুরুতে স্বাগত ভাষণ দেন অধ্যক্ষা ড. রূপালী চৌধুরী।





প্রদীপ প্রোজ্জ্বলন



অধ্যক্ষা ড. রূপালি চৌধুরীর বক্তৃতা



IQAC-র কনভেনর ড. তপন রায়ের বক্তৃতা



ছাত্রীদের সাংস্কৃতিক অনুষ্ঠান